

নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রীর সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

২২শে মে, ২০২৩

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ২২শে মে ২০২৩ এ পোর্ট মোরেসবিতে ভারত-প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জ সহযোগিতা ফোরামের (এফআইপিআইসি) তৃতীয় শীর্ষ সম্মেলনের ফাঁকে নিউজিল্যান্ডের মাননীয় প্রধানমন্ত্রী শ্রী ক্রিস হিপকিন্সের সাথে বৈঠক করেন।

২. দুই দেশের প্রধানমন্ত্রীর মধ্যে এটাই ছিল প্রথম মত বিনিময়।

৩. দুই দেশের নেতা চলমান দ্বিপাক্ষিক সহযোগিতার উদ্যোগ নিয়ে আলোচনা করেন এবং ব্যবসা-বাণিজ্য, শিক্ষা, তথ্যপ্রযুক্তি, পর্যটন, সংস্কৃতি, খেলাধুলা এবং জনগণের মধ্যে সম্পর্ক সহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা সম্প্রসারণে সম্মত হন।

পোর্ট মোসর্বি

মে ২২, ২০২৩